The Baptist Tabernacle of Los Angeles

1329 South Hope Street, L.A. Civic Center

Mailing Address:
P. O. Box 15308
Los Angeles, CA 90015
Phone: (213) 744-9999
E-mail: rlhymersjr@sbcglobal.net
www.sermonsfortheworld.com
www.baptisttabernacle.com

Dr. R. L. Hymers, Jr.
Founding Pastor

Dr. Christopher L. Cagan
Pastor

ডিসেম্বর, ২০১৯

প্রিয় বন্ধু:

আমি চাই যে আমি আপনাকে আনন্দমুখর একটা বড়দিনের চিঠি পাঠাই । কিন্তু, সত্যি বলতে হলে, আমাকে অবশ্যই আপনাকে বলতে হবে যে গত দেড় বছরে আমরা একটা সত্যিকারের ভয়ানক মন্ডলী ভাঙ্গনের অভিজ্ঞতা পেয়েছি।

এটা গত বছরের বেশ কয়েক মাস আগে থেকে শুরু হয়েছিল । আমাদের একজন প্রবীণ ডিকন অন্যান্য পালকদের সঙ্গে গোপন সভা করতে শুরু করেছিলেন। তাদের দুইজন আমাদের মন্ডলীকে ধ্বংস করার পরিকল্পনা করেছিলেন। তাদের দুইজন অন্য আর একটি মন্ডলী গঠন করার এবং আমাদের থেকে যত বেশী সম্ভব লোক নিজেদের কাছে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেছিলেন । যে সময়ে আমি এই বিষয়ে জানতে পেরেছিলাম ততক্ষণে একটা বৃহৎ মন্ডলী ভাঙ্গন এড়াবার পক্ষে সেটা খুব দেরী হয়ে গিয়েছিল।

এটা শুরু হয়েছিল যখন একজন অসন্তুষ্ট ডিকন চেষ্টা করেছিলেন আমাকে "মুষ্টি-যুদ্ধে" আহ্বান করার। যখন আমি তার সাথে যুদ্ধ করতে অস্বীকার করলাম, তিনি মন্ডলী ত্যাগ করলেন। শীঘ্রই অন্যেরাও তার অনুসরণ করলেন । ডিকনদের চেয়ারম্যান তার ওয়েবসাইটে তার নিজের পর্ণোগ্রাফিক ছবি প্রকাশ করেছিলেন। এই ছবিগুলি নিয়ে "ভাঙ্গনকারী"দের একজন আমাকে ব্ল্যাকমেল করার চেষ্টা করেছিলেন , এবং পুলিশকে এর মধ্যে জড়িয়ে দেওয়া হয়েছিল । ডিকনদের চেয়ারম্যান এবং তার স্ত্রী আমাদের মন্ডলী ত্যাগ করেছিলেন।

এই সময়ে, প্রবীন ডিকন প্রকাশ্যে সক্রিয় হয়েছিলেন। তিনি আমাদের মন্ডলী ত্যাগ করেছিলেন এবং যতটা সম্ভব বেশী করে আমাদের লোকদের টানতে আরম্ভ করেছিলেন । যেহেতু সেই প্রবীণ ডিকন বহু দশক ধরে আমাদের মন্ডলীতে নেতা ছিলেন , বহু লোক তাকে অনুসরণ করে আমাদের মন্ডলী ছেড়ে চলে গিয়েছিলেন। যে সময়ে ভাঙ্গন শেষ হল , তিনি আমাদের অর্দ্ধেকেরও বেশী লোককে বের করে নিয়ে যেতে সক্ষম হয়েছিলেন।

প্রায় এই সময়ে আমার শারীরিক সমস্যা আকস্মিক বেড়ে গিয়েছিল এবং রবিবারের উভয় সভায় প্রচার করতে আমি সক্ষম ছিলাম না । রবিবারের সকালে সেমিনারির একজন ছাত্র প্রচার করেছিলেন । কিন্তু আমার সাথে দাঁড়ানোর পক্ষে তিনি খুবই অনভিজ্ঞ ছিলেন যখন তার বেশীর ভাগ ঘনিষ্ঠ বন্ধুরাই ভাঙ্গনের সময়ে তাকে ছেড়ে চলে যান । ফেব্রুয়ারীর 20 তারিখে এই যুবকটি আমার সাথে সহভাগিতা ভেঙ্গে দেন । তিনি এবং তার মা মন্ডলী ছেড়ে দিয়েছিলেন এবং তারা নতুন-ইভাঞ্জেলিকাল মন্ডলীগুলিতে উপস্থিত হতে শুরু করেছিলেন। এটা আমার জন্য অতিরিক্ত ছিল, যেহেতু এই যুবক প্রচারক আমার ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধু হবেন বলে আমি বিবেচনা করেছিলাম। ২৩শে ফেব্রুয়ারী আমি পালক হিসাবে পদত্যাগ করি এবং ডঃ ক্রিস্টোফার কেগান নতুন পালক হন। এমিরিটাস পালক হিসাবে আমাকে নিযুক্ত করা হয়েছিল। সভাগুলিতে

বাক্য ধরে ধরে অনুবাদ করা শতাধিক ধর্মোপদেশ বিয়াল্লিশটি ভাষায় আমাদের WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে দেওয়া হয়।

যোগদান করার পক্ষে আমি খুবই দুর্বল হয়ে পড়েছিলাম। 3রা মার্চ, ডঃ কেগান আমার অবসর এবং পালক হিসাবে তার নিজের নিযুক্তি ঘোষণা করেছিলেন। ডঃ কেগান হচ্ছেন এখনও পর্যন্ত আমার জানা সবচেয়ে মহান খ্রীষ্ট বিশ্বাসী, পালক উর্মব্রান্ড বাদে। তার নেতৃত্ব ছাড়া আমাদের মন্ডলীকে কখনই পুনরুদ্ধার করা যেত না।

কিন্তু উত্তম বিষয়গুলি ক্রমাগত ঘটে চলেছিল। জানুয়ারির 26 তারিখে আমাদের ওয়েবসাইটে 41তম ভাষাটি যুক্ত করা হয়েছিল। সেই একই দিনে (জানুয়ারী 26) আইফোন ও অ্যানড্রোয়েড ফোনে আমাদের "অ্যাপ" চালু করা হয়েছিল। তখন থেকে সহস্রাধিক লোক ঐ "অ্যাপ" এর মাধ্যমে পৃথিবীর সব প্রান্ত থেকে আমাদের সাথে যোগদান করেছেন, নিউ ইয়র্ক শহরের যিহূদি লোকদের মিশনারি, এক বন্ধুকে গভীরভাবে ধন্যবাদ। তারপরে আমাদের 42তম ভাষা যুক্ত করা হয়েছিল – আফ্রিকায় মালাউইদের এর প্রধান ভাষা। ফেব্রুয়ারীর 23 তারিখ ডঃ কেগান অফিসিয়াল পালক হয়েছিলেন এবং আমি পালক এমিরিটাস হিসাবে প্রতিষ্ঠিত হয়েছিলাম।

বলা বাহুল্য, আমি এই সব অশান্তি থেকে দুর্বল ও অসুস্থ হয়ে পড়েছিলাম। আমার স্ত্রীর প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ – যিনি এসবের মধ্যেও আমার সঙ্গে ছিলেন। ফেব্রুয়ারী 27 থেকে মার্চ 20 পর্যন্ত আমি তাকে নিয়ে একটি বিস্তৃত ছুটিতে বিশ্রামের জন্য অ্যারিজোনা গেছিলাম। 20শে মার্চ, আমি ফিরে আসি রবিবারের সন্ধ্যায় প্রচারের জন্য এবং শনিবার সন্ধ্যায় শিক্ষা দিই।

তখন থেকে আমাদের মন্ডলীর বাড়িটি বিক্রির জন্য রাখা হয়েছিল। 14ই এপ্রিল পুরানো বাড়িতে আমার 74তম জন্মদিন পালন করা হয়েছিল। মে মাসের 7 তারিখে আমাদের মন্ডলীতে থাকা বিশ্বস্ত যুবকদের জন্য আমাদের পাঠ্যবই হিসাবে "বিস্ফোরণ সুসমাচার" ব্যবহার করে, আমি একটি শিষ্যত্বের দল শুরু করি। 22শে মে থেকে 29শে মে, ডঃ কেগান আমার স্ত্রী এবং আমাকে নিয়ে সান ফ্রানসিস্কো এলাকাতে অবস্থিত একটি চীনা ব্যাপটিস্ট মন্ডলী দেখাতে এবং এর সুন্দর পালকের সাথে সাক্ষাৎ করাতে নিয়ে গেছিলেন। আমরা মাইক এবং মানা রাইলে, মারিন কাউন্টিতে আমার শুরু করা মন্ডলীর দীর্ঘ-সময়ের পালকের সাথেও দেখা করেছিলাম। মাইক আমাকে অনেক উৎসাহ দিয়েছিলেন, এবং তাদের মন্ডলীর 50তম পূর্তি উৎসবে বক্তব্য রাখার জন্য আমাকে আমন্ত্রণ জানানো হয়েছিল। অন্যেরা আমার প্রতি অতটা দয়াপরবশ ছিলেন না, কিন্তু আমাদের মন্ডলী ভাঙ্গনের জন্য তারা আমাকে দোষারোপ করেছিলেন, যা এমনকী আমার আরও কষ্টের কারণ হয়েছিল।

28শে জুলাই ডঃ কেগানের 66তম জন্মদিনের জন্য আমাদের মন্ডলীতে আমরা বড় একটা পার্টির আয়োজন করেছিলাম। এটা তখন ঘোষণা করা হয়েছিল যে সান গ্যাব্রিয়েল ভ্যালিতে আমাদের নতুন মন্ডলীর নাম দেওয়া হবে, "দ্য চাইনিজ ব্যাপটিস্ট ট্যাবারন্যক্‌ল অফ্‌ গ্রেটার লস এঞ্জেলস।" সেখানে আমরা একটা নতুন বাড়ি কিনেছি এবং খুব শীঘ্রই এসক্রো বন্ধ করে দেওয়া হবে।

জুলাই এর শেষদিকে অন্য একটা সংক্ষিপ্ত ছুটিতে আমি মিসেস হেইমারসকে নিয়ে সমুদ্রের ধারে গিয়েছিলাম। আমার স্ত্রী, এলিনা, সমগ্র বিশ্বের মধ্যে সন্দেহাতীতভাবে সবচেয়ে উত্তম পালকের স্ত্রী। আমার পুত্র রবার্ট লেসলী এবং আমি তাকে এবং তার পিতামাতা উভয়কেই ইস্রায়েলে পাঠিয়েছিলাম। নভেম্বরের 17 তারিখ রবিবারের সকাল ও সন্ধ্যায় আমি একটা ধারাবাহিক ধর্ম্মোপদেশ প্রচার করা শুরু করেছিলাম। এই প্রথমবার আমি শারীরিকভাবে সক্ষম হয়েছিলাম রবিবারের উভয় সভায় দীর্ঘ সময় ধরে প্রচার করতে। ডঃ কেগানের নেতৃত্বের অধীনে এবং কঠোর পরিশ্রমে, দুইজন যুবক পরিত্রাণ পেয়েছেন, এবং বেশ কিছু চীনা ছাত্র আমাদের মন্ডলীতে উপস্থিত হতে শুরু করেছেন। ডঃ কেগান লস এঞ্জেলসের ডাউনটাউনে তার বাড়ি বিক্রি করে দিয়েছেন, এবং সান গাব্রিয়েলের বাড়িটির অপেক্ষাকৃত কাছে আর একটি বাড়ির সন্ধান করছেন। আগামী কয়েক মাসের মধ্যেই আমরা আমাদের মন্ডলীকে নতুন বাড়িতে স্থানান্তরিত করব।

বাক্য ধরে ধরে অনুবাদ করা শতাধিক ধর্ম্মোপদেশ বিয়াল্লিশটি ভাষায় আমাদের WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে দেওয়া হয়।

মন্ডলী ভাঙ্গন মনে হয় শেষ হয়েছে। কয়েকদিন আগে, সিটি অফ্ হোপ-এ, আমাকে বলা হয়েছে যে আমার ক্যানসার সেরে যাবে বলে মনে হচ্ছে। আমাদের ছেলেমেয়ে এবং আমাদের নাতিনাতনি, এবং পরীক্ষার এই মহান সময়ে যারা আমাদের সঙ্গে দাঁড়িয়েছিলেন তাদের বেশীর ভাগকে নিয়ে, ডঃ কেগান, আমার স্ত্রী এবং আমি আমার বাড়িতে ধন্যবাদজ্ঞাপন উৎসব উদযাপন করেছি। সেটা একসঙ্গে সবাই মিলে আমাদের একটা খুব আনন্দের সময় ছিল!

ঈশ্বর আপনাদের সকলকে আশীর্ব্বাদ করুন! আমরা যখন চীনা মন্ডলী শুরু করতে চলেছি অনুগ্রহ করে আমাদের জন্য প্রার্থনা করার কথা মনে রাখুন!

আমি আমার পরিবারের জন্য খুব গর্বিত। বাঁদিক থেকে ডানদিকে, ওয়েসলী, শিশু হান্নানের সাথে লেসলী, আমি, শিশু সারা'র সাথে এলিনা, লেসলীর স্ত্রী জিন, এলিনার মা লিন্ডা এবং তার ভাই এরউইন সিউলার।

আমাদের পরিত্রাতা যীশু খ্রীষ্ট প্রশংসিত হোক!

আর. এল. হেইমার্স, জুনিয়র,
ডি.মিন., টিএইচ.ডি., লিট.ডি.
ফিলিপীয় 4:13

"আমি জীবিতদের দেশে সদাপ্রভুর মঙ্গলভাব দেখিব, এমন বিশ্বাস যদি না করিতাম, [তবে আমার কি হইত]? সদাপ্রভুর অপেক্ষায় থাক; সাহস কর, তোমার অন্তঃকরণ সবল হউক; হাঁ, সদাপ্রভুরই অপেক্ষায় থাক" (গীতসংহিতা 27:13-14)।

বাক্য ধরে ধরে অনুবাদ করা শতাধিক ধর্ম্মোপদেশ বিয়াল্লিশটি ভাষায় আমাদের WWW.SERMONSFORTHEWORLD.COM ওয়েবসাইটে দেওয়া হয়।